

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৬০

১/ বিবিধ

আরবী

أطعموا نفساءكم الرطب، قالوا: ليس في كل حين يكون الرطب، قال: فتمر، قالوا: كل التمر طيب فأبي التمر خير؟ قال: إن خير تمراتكم البرني يدخل الشفاء ويخرج الداء، لا داء فيه، أشبعه للجائع، وأدقوه للمقرور  
ضعيف

رواه ابن سمعون الواعظ في " الأما لي " ( 2 / 192 / 1 ) حدثنا أبو بكر محمد بن جعفر المطيري أنبأنا القاسم بن إسماعيل الكوفي، أنبأنا زيد بن الحباب العكلي عن شعبة عن يعلى بن عطاء الطائفي عن شهر بن حوشب عن أبي أمامة مرفوعا قلت: وهذا سند ضعيف رجاله كلهم ثقات معروفون غير القاسم هذا فلم أجد من ترجمه إلا أن يكون الذي في " ثقات ابن حبان " ( 9 / 19 ) : القاسم بن إسماعيل الهاشمي كوفي يروي عن عبيد الله بن موسى حدثنا عنه محمد بن المنذر بن سعيد، فإنه من هذه الطبقة على أنه قد توبع كما يأتي وشهر بن حوشب ضعيف لا يحتج به لكثرة خطئه وكأنه لذلك إنما أخرج له مسلم مقرونا بغيره كما في " خاتمة الترغيب " للمنذري ( 4 / 284 ) وقال الحافظ فيه صدوق كثير الإرسال والأوهام، ثم رأيت في " الطب " لأبي نعيم ( 23 - 24 ) من طريق أخرى عن شعبة به، فانحصرت العلة في شهر، والحديث أورده السيوطي في " اللآلي " ( 1 / 156 ) شاهدا للحديث المتقدم برقم ( 234 ) من رواية ابن السني وأبي نعيم معا في " الطب " من طريق شعبة به ثم قال: وإسناده على شرط مسلم

## كذا قال: ولا يخفى ما فيه لما ذكرنا من حال شهر

বাংলা

২৬০। তোমরা তোমাদের নেফাসধারী নারীদেরকে কাঁচা খেজুর খেতে দাও। তাঁরা বললঃ সব সময়তো কাঁচা খেজুর পাওয়া যায় না। তিনি (উত্তরে) বললেনঃ তাহলে শুকনা খেজুর। তাঁরা বললঃ সব শুকনা খেজুরই ভাল, তবে সর্বোত্তম শুকনা খেজুর কোনটি? তিনি বললেনঃ তোমাদের সর্বোত্তম শুকনা খেজুর হচ্ছে বুরনী খেজুর, যা সুস্থতাকে প্রবেশ করায় এবং রোগকে বের করে দেয়। তাতে কোন রোগ নেই। তা ক্ষুধার্থের জন্য অধিক ভূণ্ডিদায়ক এবং আক্রান্তের জন্য অধিক উত্তাপ দানকারী।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু সামউন ওয়ায়েয “আল-আমলী” গ্রন্থে (২/১৯২/১) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদের বর্ণনাকারী কাসেম ইবনু ইসমাঈল এর জীবনী কে বর্ণনা করেছেন পাচ্ছি না। তবে ইবনু হিব্বান-এর "আস-সিকাত" গ্রন্থে (৯/১৯) এসেছে, তিনি হাশেমী কুফী, তিনি ওবায়দুল্লাহ ইবনু মূসা হতে ... হাদীসটি বর্ণনা করেছেন। আবু নু'য়াইম-এর “আত-তিব্ব” নামক গ্রন্থে (২৩-২৪) অন্য একটি সূত্রে শু'বা হতে তার মুতাবা'য়াতও পাওয়া গেছে।

সনদটির অন্য এক বর্ণনাকারী শাহার ইবনু হাওশাব দুর্বল। বেশী বেশী ভুল সংঘটিত হওয়ার কারণে তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। এ জন্য ইমাম মুসলিম অন্য বর্ণনাকারীর সাথে মিলিতভাবে তার হাদীস বর্ণনা করেছেন।

হাফিয ইবনু হাজার তার সম্পর্কে বলেনঃ তিনি সত্যবাদী, কিন্তু বেশী মুরসালকারী এবং সন্দেহ প্রবণ। অতএব এ হাওশাবের কারণেই হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5520>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন